



৯ অক্টোবর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা করার ঘটনায় ব্লাস্টের তীব্র নিন্দা, ঘটনার সুষ্ঠু তদন্ত এবং জড়িতদের গ্রেফতার ও যথাযথ বিচার দাবি

সাম্প্রতিক সময়ে বিভিন্ন পত্র পত্রিকার মাধ্যমে হতে জানা যায় যে, বিগত ৬ অক্টোবর রবিবার রাত আটটার দিকে ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদকে বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীরা ডেকে নিয়ে অমানবিকভাবে পিটিয়ে হত্যা করে। ঘটনার পরিক্রমায় দেখা যায় যে, একটি ফেসবুক স্ট্যাটাসে তার নিজস্ব মত প্রকাশের কারণে তাঁকে পিটিয়ে হত্যা করা হয়।

ব্লাস্ট এ ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে এবং ঘটনার সুষ্ঠু তদন্তসহ জড়িতদের বিচারের আওতায় আনার দাবী জানাচ্ছে। এ ধরনের ঘটনা বাংলাদেশ সংবিধানের ৩৯ অনুচ্ছেদে বর্ণিত চিন্তা, বিবেক ও মত প্রকাশের স্বাধীনতা সংক্রান্ত মৌলিক অধিকারের সুস্পষ্ট লংঘন। ব্লাস্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান সহ সর্বক্ষেত্রে মতপ্রকাশের স্বাধীনতা এবং ভিন্নমতের প্রতি সহিষ্ণুতা বজায় রাখার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট দাবী জানাচ্ছে। পাশাপাশি এ ধরনের ঘটনা বন্ধে জনমত গঠন সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহবান জানাচ্ছে। এ ধরনের হত্যাকাণ্ডের যাতে পুনরাবৃত্তি না ঘটে সেজন্য এ ঘটনার সুষ্ঠু তদন্ত সহ দ্রুত বিচার দাবী করছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd